# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd


পত্র নং: ঢাবো/পনি/৫৯৭ তারিখ: ২৫/০৮/২০২৫ খ্রি.

**বিষয়: এসএসসি ও এইচএসসি পরীক্ষার বিদ্যমান কেন্দ্রের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত সরকারের সময়ে প্রভাবশালীদের চাপে/রাজনৈতিক বিবেচনায় প্রয়োজনের অতিরিক্ত পরীক্ষা কেন্দ্র স্থাপন অথবা যেখানে কেন্দ্র স্থাপন করার প্রয়োজন ছিল সেখানে স্থাপন না করে প্রাপ্যতা নেই এমন শিক্ষা প্রতিষ্ঠানে কেন্দ্র স্থাপন করা হয়েছে। ফলে একদিকে পরীক্ষার্থীদের ভোগান্তির শিকার হতে হয়েছে এবং অন্যদিকে পরীক্ষা পরিচালনায় সমস্যার সৃষ্টি হয়েছে। উদ্ভূত সমস্যার কারণে বিদ্যমান পরীক্ষা কেন্দ্রের নিম্নেবর্ণিত বিষয় বিবেচনায় রেখে কেন্দ্রসমূহ পুনঃনির্ধারণে আপনার মতামত প্রয়োজন।

১. কেন্দ্রের যোগাযোগ ব্যবস্থা ভালো থাকতে হবে;
২. কেন্দ্রের অবকাঠামো ভালো এবং চারদিকে নিরাপত্তা প্রাচীর থাকতে হবে;
৩. শিক্ষার্থী অনুপাতে কেন্দ্র নির্ধারণ করতে হবে;
৪. কোন ভেন্যু কেন্দ্র স্থাপন করা যাবে না এবং কেন্দ্র হিসেবে বিবেচিত প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা কোন ক্রমেই নিজ প্রতিষ্ঠানে/নিজস্ব কেন্দ্রের তত্ত্বাবধানে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না;
৫. বিজ্ঞানাগার/কম্পিউটার ল্যাব আছে এমন প্রতিষ্ঠান কেন্দ্র হিসেবে নির্ধারণ করতে হবে;
৬. কেন্দ্র হিসেবে বিবেচিত প্রতিষ্ঠানটিকে শিক্ষা বোর্ড কর্তৃক অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে সক্ষম হতে হবে।

এমতাবস্থায়, আপনার জেলার বিদ্যমান এসএসসি ও এইচএসসি পরীক্ষা কেন্দ্রসমূহ পুনঃনির্ধারণের বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

## বিষয়টি অতীব জরুরি

২৫/০৮/২০২৫


প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-২২৩৩৬৯৮১৫
ই-মেইল: controller@dhakaeducationboard.gov.bd


জেলা প্রশাসক
ঢাকা/গাজীপুর/নারায়ণগঞ্জ/নরসিংদী/মুন্সিগঞ্জ/মানিকগঞ্জ/টাংগাইল
ফরিদপুর/মাদারীপুর/শরীয়তপুর/রাজবাড়ী/গোপালগঞ্জ/কিশোরগঞ্জ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. উপদেষ্ট মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৩. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৬. জেলা শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৮. অফিস কপি।